

# বর্ধমান জিলা পরিষদ

কারিগরি বিভাগ

কোর্ট কমপাউন্ড, বর্ধমান ৭১৩১০১

## ফেরী ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর করা খামে)

স্মারক সংখ্যা:- ডি.ই./ফেরী/২০১৫

তারিখ:- ১০/০৩/১৫

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে বর্ধমান জিলা পরিষদের অধীন বর্ধমান সদর /কাটোয়া/কালনা মহকুমা এলাকায় নিম্নলিখিত ফেরীঘাট সমূহের জন্য সিল মোহর করা খামে এক বছরের জন্য (১ লা এপ্রিল ২০১৫ থেকে ৩১ শে মার্চ ২০১৬ পর্যন্ত) দরপত্র আহ্বান করা হইতেছে। সমস্ত দরপত্র নিম্নলিখিত তারিখ, সময় সূচী অনুযায়ী জিলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ এর অফিসে নির্দিষ্ট বাঞ্চে জমা দিতে হইবে। দরপত্র নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে অফিস চলাকালিন যে কোন দিনই জমা দেওয়া যেতে পারে।

ইচ্ছুক ব্যক্তিগণকে দরপত্র জমা দিবার পূর্বে ঘাটের অবস্থান, নদীর প্রকৃতি, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। প্রতিটি ফেরী ঘাটের জন্য আলাদা আলাদা ভাবে দরপত্র সাদা কাগজে দর উল্লেখ করে নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১। ভোট দেবার পরিচয় পত্রের নকল।

২। নির্দিষ্ট জামিন জমার অর্থ, ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে জিলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ এর অনুকূলে, বর্ধমান শহরের কোন সিডিউল ব্যাঙ্ক এর উপর প্রদেয় হইতে হইবে।

(Earnest Money through Bank Draft/Pay Order will be in favour of District Engineer, Zilla Parishad, Burdwan, payable at Burdwan).

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ দরপত্র খোলার দিনই অর্থাৎ ৩০শে মার্চ ২০১৫ সোমবার তারিখে নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট এর মাধ্যমে জিলা পরিষদের নামে জমা দিতে হইবে এবং জিলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ৭ দিনের মধ্যে ফেরী মাসুলের হারের তালিকা সহ কুবলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশমত ২ জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও সহি সহ লেখা পড়া করিয়া রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে, অন্যথায় বন্দোবস্ত বাতিল বলিয়া গন্য হইবে।

অসফলকারী ডাকদাতাগণের জামিন জমার টাকা জিলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফিরত দেওয়া যাইতে পারে। যে সমস্ত ব্যক্তি/সংস্থা পূর্বে জিলা পরিষদের দেওয়া টাকা পরিশোধ করেন নাই বা জিলা পরিষদের শর্তানুযায়ী ঘাট ঠিকঠাক মত চালাইতে পারেন নাই তাহাদের দরপত্র গ্রহন হইবে না। ফেরী মাসুলের হারের তালিকা ও চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী সমূহ ডাকে অংশগ্রহন করিবার পূর্বেই জিলা পরিষদের নোটিশ বোর্ডে/অফিসে দেখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। প্রকাশ থাকে যে জিলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত ডাক গ্রহন করিতে বাধ্য নহেন। এই বিজ্ঞপ্তির প্রচারিত হইবার পরও অনিবার্য কারণে জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া প্রকাশিত যেকোন ফেরী ঘাটের বা সমস্ত ফেরীঘাট গুলির দরপত্র বাতিল করিবার/অনুমোদন করিবার অধিকার ও সংরক্ষিত রাখিতেছেন

১৪/৩/১৫

১৫/৩/১৫

১৫/৩/১৫

ক্রমিক সংখ্যা	ফেরী ঘাটের নাম	মহকুমার নাম	দরপত্র জমা দিবার স্থান	সিল মোহর করা থামে সমস্ত তথ্য সহ দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময়	জামিন জমার পরিমাণ (টাকা)	ডাকের সর্বনিম্ন পরিমাণ (টাকা)	দরপত্র খোলার তারিখ ও সময়	দফা
১	কুলপাড়া	বর্ধমান সদর	জিলা বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ অফিস	৩০ শে মার্চ ২০১৫ (সোমবার) ৪.০০ ঘটিকা	৬০০০/-	৩০,০০০/-	৩০ শে মার্চ ২০১৫ (সোমবার) ৪.৩০ ঘটিকা	দ্বিতীয়
২	দেওয়ানগঞ্জ	কাটোয়া			৩,৩০,০০০/-	১৬,৫০,০০০/-		
৩	একলক্ষী	বর্ধমান সদর			৯০,০০০/-	৪,৪০,০০০/-		তৃতীয়
৪	বেগুনকোলা	কাটোয়া			৩০০/-	১,৫০০/-		
৫	চরকমলনগর	কালনা			২০০/-	১,০০০/-		
৬	হাট কালনা				১০০/-	৫০০/-		
৭	মালতিপুর				১০০/-	৫০০/-		
৮	মেড়তলা				২,০০০/-	৯,০০০/-		

স্মারক সংখ্যা:- ডি.ই./ফেরী/ ২২৫/২

জেলা বাস্তুকার  
বর্ধমান  
তারিখ:- ১২/০৩/১৫

উপ সচিব/ডি.আই.এ., বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট <http://www.burdwanzp.org> তে সম্প্রচারের জন্য প্রেরিত হল।

স্মারক সংখ্যা:- ডি.ই./ফেরী/ ২২৫/২/১০০

জেলা বাস্তুকার  
বর্ধমান  
তারিখ:- ১২/০৩/১৫

প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল।

প্রতিলিপি জেলা সমাহর্তা, বর্ধমান ও নির্বাহী আধিকারীক, বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারীক, বর্ধমান জিলা পরিষদ/অর্থ নিয়ামক ও মূখ্য হিসাব আধিকারীক, বর্ধমান জিলা পরিষদ/সচিব, বর্ধমান জিলা পরিষদ/পৌরপতি, বর্ধমান পৌরসভা, পৌরপতি, দুর্গাপুর পৌরসভা, পৌরপতি, কাটোয়া পৌরসভা এবং পৌরপতি, কালনা পৌরসভা/মহকুমা শাসক, বর্ধমান সদর (উত্তর)/বর্ধমান সদর (দক্ষিণ)/ আসানসোল/দুর্গাপুর/কালনা/কাটোয়া/সভাপতি, পঞ্চায়েত সমিতি (সকল)/ নির্বাহী আধিকারীক, পঞ্চায়েত সমিতি (সকল)/সহকারী বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ (সকল)/অবর সহকারী বাস্তুকার, বর্ধমান জিলা পরিষদ (সকল)/অবর সহকারী বাস্তুকার, এন্টিমেট শাখা/গাননিক শাখা, জেলা বাস্তুকার।

স্মারক সংখ্যা:- ডি.ই./ফেরী/ ২২৫/২/১০০/৪

জেলা বাস্তুকার  
বর্ধমান  
তারিখ:- ১২/০৩/১৫

প্রতিলিপি সভাধিপতি/সহকারী সভাধিপতি/অধ্যক্ষ/কর্মাধ্যক্ষ পূর্তকার্য ও পরিবহন স্থায়ী সমিতি, বর্ধমান জিলা পরিষদ এর অবগতির জন্য পাঠান হল।

জেলা বাস্তুকার  
বর্ধমান  
তারিখ:- ১২/০৩/১৫